

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/২৬ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১২০-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর Clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর দফা (খ) এর অধীন প্রতিষ্ঠিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল এবং ধারা ৫ এর অধীনে ঘোষিত অর্থনৈতিক অঞ্চলের ভূমির, অতঃপর উক্ত ভূমি বলিয়া উল্লিখিত, মালিক-উদ্যোক্তাগণ কর্তৃক, উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত ভূমির মালিক-উদ্যোক্তাগণ কর্তৃক গঠিত কনসোর্টিয়াম বা জয়েন্ট ভেঞ্চার কোম্পানি বরাবর উক্ত ভূমি বিক্রয়ের উদ্দেশ্যে সম্পাদিত বিক্রয় দলিল রেজিস্ট্রেশনের উপর উক্ত Ordinance এর

section 53H এর অধীন প্রদেয় উৎসে আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.itr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।